

উপজেলা পরিষদ
গোপালপুর, টাঙ্গাইল।

তারিখ:

“নোটিশ”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালপুর উপজেলা পরিষদের বাজেট প্রনয়নের জন্য কমিটির সভা আগামী ১৮/০৮/২০২২ খ্রি: তারিখ দুপুর ০১:১৫ ঘটিকার সময় নিম্ন স্বাক্ষরকারীর সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

আলোচ্য সূচি :

- ১। পূর্বের সভার কার্যবিবরণী সম্পর্কে পর্যালোচনা।
- ২। সংশ্লিষ্ট বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
- ৩। বিবিধ।



উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব

উপজেলা বাজেট প্রনয়নের জন্য কমিটি
গোপালপুর, টাঙ্গাইল।

স্মারক নং-

তারিখ:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালপুর, টাঙ্গাইল।
- ০৩। উপজেলা কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল।
- ০৪। চেয়ারম্যান ইউনিয়ন, গোপালপুর, টাঙ্গাইল।
- ০৫। অফিস কপি।



উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব

উপজেলা বাজেট প্রনয়নের জন্য কমিটি
গোপালপুর, টাঙ্গাইল।

উপজেলা পরিষদের বাজেট প্রণয়নের জন্য কমিটি কার্যবিবরণী:

সভাপতি : জনাব মীর রেজাউল হক
ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, গোপালপুর, টাঙ্গাইল।

তারিখ : ১৮-৮-২০২২ খ্রি:
সময় : দুপুর ০১:১৫ টা হতে দুপুর ০২:৩০ টা।
স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তায়নকারী কর্তৃপক্ষ	বাস্তায়নকারী কর্তৃপক্ষ
০১	অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ খ্রি: অর্থবছরে উপজেলা পরিচালন ও উ উন্নয়ন প্রকল্পের আওতায় গোপালপুর উপজেলাধীন আলমনগর বাজার ফিশসেড নির্মান প্যাকেজ নং- INF-২০১৯-২০-৩০৯৩৩৮-০৩ এর কাজ মের্সাস সাধারণ এন্টারপ্রাইজ, গোপালপুর, টাঙ্গাইল কর্তৃক ১০০% বাস্তবায়িত হয়েছে। কাজের গুণগত মান সন্তোষজনক। প্রকল্পের অনুকূলে চূড়ান্ত বিল বাবদ INF-২০১৯-২০-৩০৯৩৩৮-০৩ প্রকল্পের ১১,২২,০৩০/- (এগারো লক্ষ বাইশ হাজার ত্রিশ টাকা মাত্র) পরিশোধের জন্য সভার নিকট অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী, গোপালপুর সভাকে জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালপুর এর অনুকূলে বরাদ্দকৃত পুরাতন(১৯৮৪ সালে বরাদ্দকৃত) জীপ গাড়ি নং- টাঙ্গাইল- ক-১৩৯, যা বর্তমানে অব্যবহৃত অবস্থায় উপজেলা পরিষদ গ্যারেজে রক্ষিত আছে এবং এখনো পনিত্যক্ত/অকেজো ঘোষণা করা হয় নি। উক্ত পুরাতন (১৯৮৪ সালে বরাদ্দকৃত) জীপগাড়িটি অকেজো ঘোষণার প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। সে লক্ষ্যে একটি উপ-কমিটি গঠন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার নিকট আহ্বান জানান।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	উপজেলা প্রকৌশলী, গোপালপুর।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জনাব মীর রেজাউল হক)

উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ

আহরণ কমিটি

গোপালপুর, টাঙ্গাইল।